

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৭৬: নিজেদের দেহে আঘাত করা, শক্ত কোনো বস্তু খাওয়া ইত্যাদি যেসব কর্মকাণ্ড ভেলকিবাজরা করে থাকে, সেগুলি কি জাদু ও ভেলকিবাজি নাকি বাস্তব ও কারামত?

ভেলকিবাজরা এ জাতীয় যেসব কাজ করে থাকে, তা জাদু এবং এর মাধ্যমে মানুষের চোখে জাদু করা হয়। ফলে তারা বাস্তব জিনিসটা আর দেখতে পায় না। যেমনটি মূসা আলাইহিস সালাম-এর সময়ে ঘটেছিল; তিনি দেখতে পাচ্ছিলেন যে, জাদুকরদের রশিগুলি চলছে, অথচ সত্যিকার অর্থে সেগুলি চলছিল না। মহান আল্লাহ বলেন,

"তাদের জাদুর প্রভাবে তাঁর মনে হচ্ছিল, যেন সেগুলি (জাদুকরদের রশিগুলো ও লাঠিগুলো) ছুটাছুটি করছে" (ত্ব-হা ৬৬)। যদি ভেলকিবাজদের নিকটে আয়াতুল কুরসী এবং সূরা ফালাক্ব ও সূরা নাস পড়া হয়, তাহলে আল্লাহ্র ইচ্ছায় জাদু এবং ভেলকিবাজি নষ্ট হয়ে যাবে। মনে রাখতে হবে, কারামত বা অলৌকিক ঘটনা নেককার, তাওহীদপন্থী এবং শির্ক-বিদ'আত মুক্ত ব্যক্তি ব্যতীত অন্য কারো দ্বারা ঘটা সম্ভব নয়। কোনো মুমিনের কল্যাণার্থে বা তার থেকে অকল্যাণ দূর করার জন্য কারামত ঘটে থাকে। কারামত অর্থ এই নয় যে, সে অন্যান্য মুমিনের চেয়ে উত্তম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1560

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন